ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৩১৩
আগরতলা, ২৩ সেপ্টেম্বর,২০২৪

**আগরতলা-হায়দ্রাবাদ বিমান পরিষেবার আনুষ্ঠানিক সূচনা**
**আগরতলা-হায়দ্রাবাদ সরাসরি বিমান পরিষেবায় ত্রিপুরার জনগণ উপকৃত হবেন ঃ রাজ্যপাল**






আগরতলা ও হায়দ্রাবাদের মধ্যে আজ থেকে শুরু হল সরাসরি বিমান পরিষেবা। আজ সকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু মহারাজা বীরবিক্রম বিমানবন্দরে এক অনুষ্ঠানে আগরতলা-হায়দ্রাবাদ ইন্ডিগো বিমান পরিষেবার আনুষ্ঠানিক সূচনা করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ত্রিপুরাবাসীদের পক্ষ থেকে ইন্ডিগো এয়ারলাইনসকে ধন্যবাদ জানান এবং ত্রিপুরাবাসীদের আগরতলা থেকে হায়দ্রাবাদে যাতায়াতের জন্য সরাসরি এই বিমান পরিষেবার সুযোগ গ্রহণ করার অনুরোধ জানান। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ফ্লাইট আগরতলা-হায়দ্রাবাদ ইন্ডিগো বিমান জি-ই-৬৭৪৭ এর যাত্রী লিয়ানজাম রাংলং-এর হাতে বোর্ডিং কার্ড তুলে দেন। উল্লেখ্য, রাজ্যপাল নিজেও আজ এই ফ্লাইটে হায়দ্রাবাদ যাচ্ছেন।

অনুষ্ঠানে রাজ্যপাল সংবাদমাধ্যমের প্রতিনিধিদের সাথে কথোপকথনে জানান, উত্তর পূর্বাঞ্চলে আগরতলার বিমানবন্দরটি হচ্ছে দ্বিতীয় ব্যস্ততম বিমান বন্দর। আগরতলা ও হায়দ্রাবাদের মধ্যে সরাসরি বিমান পরিষেবা চালু হওয়ায় ত্রিপুরা ও বাংলাদেশের মানুষ বিশেষ ভাবে উপকৃত হবেন। কেননা তারা চিকিৎসার প্রয়োজনে দক্ষিণ ভারতের বিভিন্ন জায়গায় যান। তাছাড়া উড়ান প্রকল্পে কেন্দ্রীয় সরকার বহু আঞ্চলিক বিমানবন্দরেও বিমান পরিষেবা চালু করেছে এবং সাধারণ মানুষ এই পরিষেবা ব্যবহার করে তাদের সময় ও টাকা সাশ্রয় করতে পারছেন। এমবিবি বিমানবন্দর থেকে আন্তর্জাতিক বিমান পরিষেবাও শীঘ্রই চালু হবে বলে রাজ্যপাল আশা প্রকাশ করেন। এই উপলক্ষে বিমানবন্দরে আজ উপস্থিত ছিলেন আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কে সি মীনা এবং ইন্ডিগো এয়ারলাইনস-এর আধিকারিকগণ।

******